বাংলা আজ যা ভাবে

সংবাদ নয়া জামানা

সান্ধ্য সংস্করণ

১৮ জ্যৈষ্ঠ ।। ১৪৩৩।। মঙ্গলবার ২ জুন ২০২৬ ।। ১ ম বর্ষ ৩৫৯ সংখ্যা ।। ২পাতা

অবৈধভাবে বসবাস! আমেরিকায় গ্রেপ্তার ৩০ ভারতীয়




মা ছিলেন বুদ্ধবাবুর আমলে মন্ত্রী, কন্যা গার্গী এবার শুভেন্দুর মন্ত্রিসভায়



'তৃণমূল জঙ্গি সংগঠনের মতোই, ব্যান করা হোক'! বিস্ফোরক দিলীপ



# মমতার দল ভেঙ্গে নতুন তৃণমূল

## নথি হাতে বিধানসভায় ঋতব্রত

**নয়া জামানা ঃ** আশঙ্কা কি সত্যিই বাস্তবের পথে? মমতা বন্দ্যোপাধ্যায় প্রতিষ্ঠিত তৃণমূল কংগ্রেসে ভাঙনের জল্পনা ঘিরে মঙ্গলবার নতুন করে সরগরম রাজ্য রাজনীতি। গত কয়েকদিন ধরে যে রাজনৈতিক জল্পনা তৈরি হয়েছে, তা আরও জোরাল হয়েছে বহিষ্কৃত বিধায়ক ঋতব্রত বন্দ্যোপাধ্যায়ের সাম্প্রতিক পদক্ষেপকে ঘিরে।সূত্রের খ বর, মঙ্গলবার গুরুত্বপূর্ণ কিছু নথি নিয়ে বিধানসভায় পৌঁছন ঋতব্রত বন্দ্যোপাধ্যায়। রাজনৈতিক মহলে জোর চর্চা, প্রায় ৫০ জন বিধায়কের সই-সহ একটি চিঠি বিধানসভার স্পিকারের দপ্তরে জমা দেওয়ার প্রস্তুতি রয়েছে তাঁর। যদিও এদিন স্পিকার অনুপস্থিত থাকায়, সেই চিঠি বিধানসভার সচিবের কাছেও জমা পড়তে পারে বলে জল্পনা।

তবে এই বিষয়ে সরকারি বা দলীয় স্তরে কোনও আনুষ্ঠানিক নিশ্চিতকরণ মেলেনি। ওই চিঠিতে নতুন রাজনৈতিক গোষ্ঠী গঠনের ইঙ্গিত থাকতে পারে। এমনকী, তৃণমূল কংগ্রেসের নাম ও প্রতীক নিয়ে দাবিদাওয়ার বিষয়ও উঠে আসতে পারে বলে আলোচনা শুরু হয়েছে। যদিও এই সংক্রান্ত কোনও নথি প্রকাশ্যে আসেনি।এই জল্পনাকে আরও উসকে দিয়েছেন রাজ্যের মন্ত্রী তাপস রায়। সোশ্যাল মিডিয়ায় একটি ইঙ্গিতপূর্ণ পোস্টে তিনি দাবি করেন, তৃণমূলের অন্দরে বড়সড় ভাঙনের পরিস্থিতি তৈরি হয়েছে এবং প্রায় ৫০ জন বিধায়ক ঋতব্রত বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে যোগাযোগ রেখেছেন। যদিও তাঁর



এই দাবির স্বাধীন যাচাই সম্ভব হয়নি।উল্লেখ্য, গত কয়েকদিন রাজনৈতিক মহলে আলোচনা চলছে, মহারাষ্ট্রের রাজনৈতিক পালাবদলের ধাঁচে বাংলার শাসকদলেও ভাঙনের সম্ভাবনা তৈরি হতে পারে। সম্প্রতি দলীয় বৈঠকে বহু বিধায়কের অনুপস্থিতি নিয়েও জল্পনা তৈরি হয়েছে। তবে অনুপস্থিত বিধায়কদের রাজনৈতিক অবস্থান বা সম্ভাব্য পদক্ষেপ নিয়ে এখনও পর্যন্ত কোনও আনুষ্ঠানিক মন্তব্য করেননি সংশ্লিষ্ট নেতারা।

# ছড়াচ্ছে ইবোলা ভাইরাস




**নয়া জামানা ঃ** আফ্রিকায় ছড়াচ্ছে ইবোলা ভাইরাস। আফ্রিকা থেকে যাঁরা রাজ্যে ফিরছেন তাঁদের স্ক্রিনিং-এ জোর দিতে বলল স্বাস্থ্যদপ্তর। দমদম বিমানবন্দরে জারি হয়েছে বিশেষ সতর্কতা। ইতিমধ্যেই বিশ্ব স্বাস্থ্য সংস্থা জারি করেছে নির্দেশিকা। দেশের স্বাস্থ্য সচিব পুণ্যসলিলা শ্রীবাস্তব তা পাঠিয়ে দিয়েছেন প্রতিটি রাজ্যে।

# আতঙ্কের নাম ডিম



**নয়া জামানা ঃ** ডিম-জুতো থেকে মাথা বাঁচাতে প্রাক্তন বিধায়কের মাথায় হেলমেট! সদ্য সোনারপুরে গিয়ে তুমুল বিক্ষোভের মধ্যে পড়তে হয় তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়কে। তাঁকে লক্ষ্য করে ছোড়া হয় ডিম। এরপরই আজ, আদালতে তোলার সময় বর্ধমান দক্ষিণের প্রাক্তন তৃণমূল বিধায়ক খোকন দাসের মাথায় পরানো হল হেলমেট। মানুষের জনরোষ যেভাবে বাড়ছে, সেদিকে নজর রেখেই পুলিশ যে কোনও ঝুঁকি নিতে নারাজ, তা এহেন পদক্ষেপেই স্পষ্ট।

# তৃণমূলের পুরুষ লক্ষ্মী



নয়া জামানা ঃ রাজ্যে লক্ষ্মীর ভাণ্ডার স্কিম নিয়ে যে একটা বড় দুর্নীতি হয়েছে, সে কথা বারবার বলেছেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। তাঁর দেওয়া তথ্য অনুযায়ী, ভুয়ো উপভোক্তার তালিকা বের করলে প্রায় ৩০ লক্ষ নাম বাদ পড়তে পারে। এরই মধ্যে বিভিন্ন জেলা থেকে হদিশ মিলছে লক্ষ্মী ছেলে দের। মহিলাদের জন্য বরাদ্দ সরকারি স্কিমের টাকা ঢুকেছে একাধিক পুরুষের অ্যাকাউন্টে। এবার এমনই এক ব্যক্তির খোঁজ মিলল মালদহে। তবে অভিযোগ শুনে ওই ব্যক্তি হেসে বললেন, আপনারা বলতে তবেই জানলাম। আমি তো জানতামই না।

# তৃণমূল জঙ্গি সংগঠনের মতোই, ব্যান করা হোক ঃ দিলীপ ঘোষ

**নয়া জামানা ঃ** নির্বাচনে ভরাডুবির পর এবং একের পর এক দুর্নীতির অভিযোগের আবহে এবার নতুন করে 'সই বিতর্ক' নিয়ে তীব্র অস্বস্তিতে ঘাসফুল শিবির। এই পরিস্থিতিতে শাসকদল তৃণমূল কংগ্রেসকে বেনজির ভাষায় আক্রমণ শানালেন বিজেপি নেতা তথা রাজ্যের মন্ত্রী দিলীপ ঘোষ। তৃণমূলকে একটি 'জঙ্গি সংগঠন'-এর সঙ্গে তুলনা করে দলটিকে সম্পূর্ণ নিষিদ্ধ করার দাবিও তুলেছেন তিনি।বিরোধী দলনেতার রেজোলিউশনে সই জাল করার অভিযোগ এবং সোনারপুরে অভিষেক বন্দ্যোপাধ্যায়ের কনভয় লক্ষ্য করে ডিম ছোড়ার ঘটনা প্রসঙ্গে সংবাদমাধ্যমের মুখোমুখি হয়ে তীব্র ক্ষোভ উগরে দেন দিলীপ ঘোষ।রেজোলিউশনে সই জাল করার বিতর্ক নিয়ে প্রশ্ন করা হলে মন্ত্রী দিলীপ ঘোষ সরাসরি তৃণমূল নেতৃত্বকে নিশানা করে বলেন,পুরো পার্টিটাই জালি। আর কী আশা করা যায়, মুষল পর্ব শুরু হয়েছে। যত তাড়াতাড়ি দলটা উঠে যায়




বাংলার পক্ষে ততই মঙ্গল। অপকর্মের জন্য পার্টিটাকেই ব্যান করা উচিত। ওদের প্রতীক ব্যান করে দেওয়া উচিত। জঙ্গি সংগঠনের মতো কাজ করে তৃণমূল কংগ্রেস।এদিন আক্রমণের হাত থেকে রেহাই পাননি তৃণমূল নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ও। ছোটবেলার এক রাখাল বালকের চুরির গল্পের উদাহরণ টেনে দিলীপ ঘোষ বলেন, সবাইকে চুরি করতে শিখিয়েছেন। এখন তার ফল ভোগ করতে হবে। ছোটবেলায় একটা গল্প পড়েছিলাম। রাখাল স্কুলে সবার খ াতা বই পেনসিল চুরি করত। যেদিন ধরা পড়ল সেদিন মাসির কানে কথা বলার বাহানায় মাসির কান কামড়ে ছিঁড়ে দিয়েছিল। বলল মাসি তুমিই আমাকে চুরি করতে শিখিয়েছ। কান কাটা এখনও বাকি আছে পিসির।শনিবার সোনারপুরে অভিষেক বন্দ্যোপাধ্যায় আক্রান্ত হওয়ার ঘটনার প্রতিক্রিয়া দিতে গিয়েও কার্যত ব্যঙ্গাত্মক সুর শোনা গেল মন্ত্রী দিলীপ ঘোষের গলায়।

সৌগত রায়ের পর অভিষেক বন্দ্যোপাধ্যায়কে লক্ষ্য করে ডিম ছোড়ার প্রসঙ্গে তিনি বলেন, আমরা বলেছি ডিমের ক্রাইসিস আছে। এর-তার গায়ে ডিম ছুঁড়ে নষ্ট করবেন না। ডিম খান। শক্তি বাড়ান। ফালতু লোককে ডিম মেরে লাভ নেই।

Naya Jamana Evening Edition..........9 October....adddddddd..._Layout 1  02-06-2026  16:12  Page 2



# ঠিকাদারি লাইসেন্স পাইয়ে দেওয়ার নামে প্রতারণা, গ্রেপ্তার কুশমণ্ডির শুভ্রজ্যোতি বিশ্বাস

**দিলদার আলী, নয়া জামানা , কুশমণ্ডি ঃ** ঠিকাদারি সংস্থার লাইসেন্স পাইয়ে দেওয়ার প্রতিশ্রুতি দিয়ে প্রায় পাঁচ লক্ষ টাকা প্রতারণার অভিযোগে কুশমণ্ডির বাসিন্দা শুভ্রজ্যোতি বিশ্বাসকে গ্রেফতার করল কুশমণ্ডি থানার পুলিশ। ঘটনাকে কেন্দ্র করে রাজনৈতিক মহলসহ এলাকাজুড়ে ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে।অভিযোগকারী প্রান্তিক সরকার, যিনি কুশমণ্ডি পঞ্চায়েত সমিতির সদস্য, জানিয়েছেন যে ২০১৯ সালে শুভ্রজ্যোতি বিশ্বাস রাজনৈতিক প্রভাব খাটিয়ে একটি ঠিকাদারি সংস্থার লাইসেন্স পাইয়ে দেওয়ার আশ্বাস দেন। সেই আশ্বাসে বিশ্বাস করে তিনি ধাপে ধাপে প্রায় পাঁচ লক্ষ টাকা প্রদান করেন। কিন্তু দীর্ঘ সময় পেরিয়ে গেলেও প্রতিশ্রুত লাইসেন্স মেলেনি।



অভিযোগ, টাকা ফেরত চাইতে গেলে তাঁকে প্রাণনাশের হুমকিও দেওয়া হয়।এই ঘটনায় গত ৩১ মে কুশমণ্ডি থানায় লিখিত অভিযোগ দায়ের করেন প্রান্তিক সরকার। অভিযোগের ভিত্তিতে তদন্ত শুরু করে পুলিশ। তদন্তের পর একই দিন রাত আনুমানিক ৯টা নাগাদ শুভ্রজ্যোতি বিশ্বাসকে গ্রেফতার করা হয়। অভিযোগকারীর দাবি, শুভ্রজ্যোতি বিশ্বাস একসময় তৎকালীন বালুরঘাট লোকসভা কেন্দ্রের সাংসদ অর্পিতা ঘোষের আত্মসহায়ক হিসেবে কাজ করতেন। রাজনৈতিক যোগাযোগের কারণেই এতদিন অভিযোগ জানিয়েও তিনি কোনও প্রতিকার পাননি এবং টাকা ফেরত পাওয়ার ক্ষেত্রেও বারবার আশ্বাস ছাড়া কিছুই মেলেনি বলে অভিযোগ করেন তিনি।

অন্যদিকে, ধৃত শুভ্রজ্যোতি বিশ্বাস সমস্ত অভিযোগ অস্বীকার করেছেন। তাঁর দাবি, অভিযোগ সম্পূর্ণ রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত। তিনি নিজেকে বিজেপির কর্মী বলে উল্লেখ করে বলেন, তাঁকে পরিকল্পিতভাবে মিথ্যা মামলায় ফাঁসানো হয়েছে। ঘটনা প্রসঙ্গে বিজেপির দক্ষিণ দিনাজপুর জেলা সভাপতি স্বরূপ চৌধুরী বলেন, পদ পাইয়ে দেওয়া কিংবা ঠিকাদারি লাইসেন্স করে দেওয়ার নামে কারও কাছ থেকে টাকা নিয়ে প্রতারণার অভিযোগে শুভ্রজ্যোতি বিশ্বাস গ্রেফতার হয়েছেন। আইন তার নিজস্ব গতিতে চলবে।

ঘটনার নিরপেক্ষ তদন্ত হওয়া উচিত এবং প্রকৃত সত্য সামনে আসা প্রয়োজন।এদিন ধৃতকে গঙ্গারামপুর মহকুমা আদালতে পেশ করা হয়। গোটা ঘটনার তদন্ত শুরু করেছে কুশমণ্ডি থানার পুলিশ। তদন্তের অগ্রগতির দিকে এখন নজর রাজনৈতিক মহল ও সাধারণ মানুষের।

# আগ্নেয়াস্ত্র ও ব্রাউন সুগার উদ্ধার, গ্রেপ্তার ৪

**নয়া জামানা,মালদহ ঃ** সীমান্তবর্তী মালদহ জেলায় পুলিশের ধারাবাহিক অভিযানে উদ্ধার হল বিপুল পরিমাণ আগ্নেয়াস্ত্র ও মাদক। কালিয়াচক ও মোথাবাড়ি থানা এলাকায় পৃথক অভিযানে মোট আটটি আগ্নেয়াস্ত্র, দু'রাউন্ড তাজা কার্তুজ এবং প্রায় সাড়ে চারশো গ্রাম ব্রাউন সুগার উদ্ধার করেছে পুলিশ। ঘটনায় মোট চারজনকে গ্রেপ্তার করা হয়েছে। মঙ্গলবার সাংবাদিক বৈঠকে জেলা পুলিশ সুপার অনুপম সিং জানান, কালিয়াচক থানা এলাকায় বিশেষ অভিযানে সাতটি আগ্নেয়াস্ত্র উদ্ধার করা হয়। সেই ঘটনায় দু'জনকে গ্রেপ্তার করেছে পুলিশ। ধৃতদের নাম ইন্দ্রজিৎ মণ্ডল ওরফে জাট্টা এবং কার্তিক মণ্ডল। অন্যদিকে, মোথাবাড়ি থানা এলাকার পৃথক অভিযানে একটি আগ্নেয়াস্ত্র, দু'রাউন্ড তাজা কার্তুজ এবং প্রায় ৪৫০ গ্রাম ব্রাউন সুগার উদ্ধার করা হয়েছে। এই ঘটনায় গ্রেপ্তার করা হয়েছে নিভু মণ্ডল ও মনোজ মণ্ডলকে। পুলিশ সূত্রে জানা গিয়েছে, উদ্ধার হওয়া ব্রাউন সুগারের বাজারমূল্য কয়েক লক্ষ টাকা হতে পারে। ধৃতদের জিজ্ঞাসাবাদ করে অস্ত্র ও মাদক পাচার চক্রের সঙ্গে জড়িত অন্যান্যদের সন্ধান পাওয়ার চেষ্টা চলছে।

পুলিশ সুপার জানান, ধৃত চারজনকেই আদালতে তোলা হবে। তদন্তের স্বার্থে তাদের পুলিশি হেফাজতের আবেদন করা হতে পারে।

# অজ্ঞাত ব্যক্তির দেহ উদ্ধার দেহ-চাঞ্চল্য

**নয়া জামানা,আসানসোল ঃ** কুলটি থানার বড়িরা বা বডরা কবরস্থানের কাছে একটি জোড় বা বড় নালা থেকে এক অজ্ঞাতপরিচয় ব্যক্তির দেহ উদ্ধার হয়।মঙ্গলবার সকালের এই মৃতদেহ



উদ্ধারের ঘটনায় এলাকায় ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। এদিন দেহটি দেখতে পেয়ে স্থানীয় বাসিন্দারা সঙ্গে সঙ্গে কুলটি থানায় খবর দেন। ঘটনা জানাজানি হতেই ঘটনাস্থলে কৌতূহলী মানুষের ভিড় জমে যায়।খবর পেয়ে

আসানসোল দুর্গাপুর পুলিশের এসিপি (কুলটি) জাভেদ হুসেন, কুলটি থানার ভারপ্রাপ্ত আধিকারিক অশোক সিনহা মহাপাত্র সহ পুলিশের অন্যান্য আধিকারিকরা ঘটনাস্থলে আসেন। পরে পুলিশ দেহটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য আসানসোল জেলা হাসপাতালে পাঠানোর ব্যবস্থা করে। পুলিশ সূত্রে জানা গেছে, এখনও পর্যন্ত মৃত ব্যক্তির পরিচয় জানা যায়নি।

বয়স আনুমানিক ৫০ বছর। স্থানীয় বাসিন্দাদের সঙ্গে কথা বলে এবং বিভিন্ন তথ্য সংগ্রহ করে পুলিশ মৃতের পরিচয় ও মৃত্যুর প্রকৃত কারণ জানার চেষ্টা করছে। পুলিশ জানিয়েছে,

ময়নাতদন্তের রিপোর্ট হাতে পাওয়ার পরেই মৃত্যুর সঠিক কারণ সম্পর্কে নিশ্চিত হওয়া যাবে। কুলটি থানার পুলিশ গোটা ঘটনার তদন্ত করছে বলে জানা গিয়েছে।

# সরকারি সামগ্রী কেলেঙ্কারি, গ্রেপ্তার তৃণমূল কাউন্সিলর

**সীতারাম মুখার্জি, নয়া জামানা, আসানসোল ঃ** আসানসোল পুরনিগমের ৮৭ নম্বর ওয়ার্ডের তৃণমূল কংগ্রেস কাউন্সিলর তরুণ চক্রবর্তীকে গ্রেফতার করলো আসানসোল দক্ষিণ থানার পুলিশ। মঙ্গলবার সকালে এই ঘটনার কথা জানাজানি হওয়ার পরে আসানসোলে চাঞ্চল্য ছড়িয়ে পড়ে। এদিন সকালে ধৃত কাউন্সিলারকে আসানসোল দক্ষিণ থানা থেকে আসানসোল আদালতে পেশ করা হয়েছে।

থানা থেকে ধৃতকে যখন পুলিশের গাড়িতে তোলা হচ্ছিলো, সেই সময় সাংবাদিকরা তাকে প্রশ্ন করেন, কেন তাকে পুলিশ গ্রেফতার করেছে? কি অভিযোগ তার বিরুদ্ধে রয়েছে? তরুণ চক্রবর্তী কোন প্রশ্নেরই উত্তর দেননি। ধৃতকে হেফাজতে নিয়ে অভিযোগের তদন্তের জন্য তাকে হেফাজতে নেওয়া পুলিশের তরফে আবেদন আদালত করা হয়েছে বলে জানা গেছে।পুলিশ সূত্রে জানা গেছে, সরকারি প্রকল্পের অধীনে বিতরণ করা ত্রাণ সামগ্রী ত্রিপল কেলেঙ্কারির অভিযোগে তাকে অভিযুক্ত করা হয়েছে। সরকারি তহবিলের সামগ্রী বিতরণ ও ব্যবহারে অনিয়মের অভিযোগ পাওয়ার পর তদন্ত শুরু করা হয়। প্রাথমিক তথ্যের ভিত্তিতে সোমবার পুলিশ তাকে প্রথমে তাকে আটক করে। পরে তাকে গ্রেফতার করা হয়েছে। আসানসোলের ডামরার বাসিন্দা তরুণ চক্রবর্তীর বাড়ি থেকে বেশকিছু ত্রিপল উদ্ধার করা হয়েছে। যা দরিদ্রদের মধ্যে বিতরণের জন্য সরকারের পক্ষ থেকে সরবরাহ করা হয়েছিল।এছাড়াও তার বিরুদ্ধে কয়লা, বালি এবং জমি লেনদেনে জড়িত থাকার অভিযোগ রয়েছে। এইসব অভিযোগ তদন্ত করা হবে বলে পুলিশ সূত্রে জানা গেছে। বিজেপি তরফে তরুণ চক্রবর্তীর বিরুদ্ধে থাকা সব অভিযোগের তদন্তের দাবি জানানো হয়েছে।অন্যদিকে তৃণমূল কংগ্রেসের তরফে এই গ্রেফতারি নিয়ে কোনও মন্তব্য করা হয়নি।পুলিশের এক আধিকারিক জানিয়েছেন, নির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে তরুণ চক্রবর্তীকে গ্রেফতার করা হয়েছে। তার তদন্ত চলছে। প্রয়োজনীয় নথি ও অন্যান্য বিষয় খতিয়ে দেখা হচ্ছে। তদন্ত শেষ হলেই গোটা বিষয়টি স্পষ্ট হবে।

# তিন পৃথক ঘটনায় পাণ্ডবেশ্বরে আটক ৮

**রাকেশ লাহা,নয়া জামানা , পাণ্ডবেশ্বর ঃ** সোমবার রাত্রিতে এক মেগা অভিযানে পাণ্ডবেশ্বর থানার পুলিশের হাতে একযোগে আটক হল ৮ ব্যক্তি। যাদের মধ্যে ৫ জনকে জুয়া খেলা, ২ জনকে নিষিদ্ধ ঝাড়খন্ড লটারি বিক্রি এবং ১ জনকে লোহা পাচারের দায়ে গ্রেফতার করা হয়। মঙ্গলবার সকাল আনুমানিক ১১ নাগাদ আটক ওই ৮ ব্যক্তিকে পাণ্ডবেশ্বর থানার পুলিশ দুর্গাপুর মহকুমা আদালতে নিয়ে যায়। গত ৪ই মে রাজ্যে রাজনৈতিক পালাবদলের পর থেকেই দিকে দিকে অ্যাকশন মুডে নেমেছে পুলিশ-প্রশাসন। দীর্ঘদিন যাবত অনৈতিক কাজকর্ম ও দুর্নীতির সাথে যুক্ত থাকার দায়ে অনেকেই ইতিমধ্যে গ্রেপ্তার হয়েছেন আবার অনেকে পুলিশের নজরেও রয়েছেন। মোটের উপর সরকারি নির্দেশ মেনে একেবারে অবৈধ কার্যকলাপ দমনে প্রথম থেকেই কড়া হাতে নেমেছে পুলিশ। তারপরও জেলার পাণ্ডবেশ্বর বিধানসভা কেন্দ্রে বন্ধ হয়নি অবৈধ কাজকর্ম। কোথাও জুয়ার ঠেক , তো কোথাও আবার লোহা পাচার, আবার কোথাও



নিষিদ্ধ লটারির কারবার। তবে এদিন সোমবার রাত্রিতে গোপন সূত্রে খবর পেয়ে পাণ্ডবেশ্বর থানার পুলিশ সোনপুর বাজারি মোড় এলাকায় হানা দেয়। সেখানে অস্থায়ী দোকানে বসে রমরমিয়ে চলছিল নিষিদ্ধ ঝাড়খণ্ড লটারির কারবার। সেখান থেকে লটারির টিকিট সহ হাতেনাতে গ্রেফতার করা হয় বাজারিগ্রামের বাসিন্দা ৩৫ বছর বয়সী জীবন পাল এবং খোট্টাডিহির বাসিন্দা ২৭ বছর বয়সী অমিত বাউরি ওরফে মাঝিকে। অন্যদিকে একই সময়ে খোট্টাডিহি এরিয়া মোড় থেকে প্রায় ৮-১০ টন চোরাই লোহা সহ পুলিশ গ্রেফতার করে সেক ইবাদত নামে এক কুখ্যাত পাচারকারীকে। ধৃত ইবাদত উখড়া ৪ নম্বর পীর তলার বাসিন্দা। ঘটনাস্থল থেকে লোহা বোঝাই একটি পিকআপ ভ্যান এবং তিনটি বাইকও উদ্ধার করেছে পুলিশ।তবে এই দুটি ঘটনার পর এদিনই রাত্রিতে পাণ্ডবেশ্বরের ফুলবাগান দুর্গামন্দির সংলগ্ন এলাকায় জুয়ার ঠেকে আচমকাই হানা দেয় পুলিশ বাহিনী। সেখান থেকে বোর্ড সমেত ৫ জন জুয়ারিকে গ্রেফতার করা হয়। ধৃত এই ৫ জুয়াড়িই স্থানীয় বাসিন্দা বলে জানা গেছে।

এদিন তিনটি পৃথক ঘটনায় আটক ৮ ব্যক্তি কে পাণ্ডবেশ্বর থানা পুলিশ নিয়ে যায় দুর্গাপুর মহকুমা আদালতে। এই ম্যারাথন অভিযানে পাণ্ডবেশ্বর থানার পুলিশের বড় সাফল্যেকে সাধুবাদ জানিয়েছে এলাকাবাসী।

# ভাঙড়ে আইএসএফ-বিজেপি সংঘর্ষ, আহত একাধিক

**নয়া জামানা, ভাঙড় ঃ** ফের ভাঙড়ে রাজনৈতিক সংঘর্ষ। মঙ্গলবার সকালে পঞ্চায়েত দখলকে কেন্দ্র করে ভাঙড়ের পোতরা গ্রাম পঞ্চায়েত এলাকায় সংঘর্ষের ঘটনা ঘিরে চাঞ্চল্য ছড়ায়। অভিযোগ, এই সংঘর্ষে জড়িয়ে পড়ে সমর্থকরা। পরিস্থিতি সামাল দিতে এলাকায় মোতায়েন করা হয়েছে পুলিশ ও কেন্দ্রীয় বাহিনী। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গিয়েছে, সকাল থেকেই পোতরা গ্রাম পঞ্চায়েত এলাকায় উত্তেজনা তৈরি হয়। একটি পঞ্চায়েত অফিসের নিয়ন্ত্রণকে কেন্দ্র করে দুই পক্ষের মধ্যে বচসা শুরু হয়ে তা পরে সংঘর্ষে রূপ নেয় বলে অভিযোগ। ঘটনায় কয়েকটি বাইক ও গাড়ি ভাঙচুরের অভিযোগও উঠেছে। স্থানীয়দের দাবি, লাঠি, বাঁশ ও অন্যান্য সামগ্রী নিয়ে দুই পক্ষের মধ্যে সংঘর্ষ চলে। এই ঘটনায় দুই পক্ষের একাধিক ব্যক্তি আহত হয়েছেন বলে জানা গিয়েছে। আহতদের মধ্যে কয়েকজনকে চিকিৎসার জন্য স্থানীয় স্বাস্থ্যকেন্দ্র ও হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে। কয়েকজনের অবস্থা গুরুতর বলেও স্থানীয় সূত্রে দাবি করা হয়েছে, যদিও প্রশাসনের তরফে এখনও আনুষ্ঠানিকভাবে তা নিশ্চিত করা হয়নি।

সম্পাদক ঃ মানস কুমার দাস ।। সংবাদ নয়া জামানার পক্ষে প্রকাশক ও স্বত্বাধিকারী মানস কুমার দাস কর্তৃক ১০৯,মেঘনাথ সাহা সরণী, নিউ ব্যারাকপুর,কলকাতা -৭০০১৩১ থেকে ডিজিটালি প্রকাশিত।